

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
e-mail: director.edu.raj@gmail.com
web: www.dshe.rajshahidiv.gov.bd

১০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: _____
২৫ নভেম্বর ২০২৪ খ্রি.

স্মারক নং: মাউশি/রাজ/২০২৪/ ৬৫৬

বিশেষ বিজ্ঞপ্তি

বিষয়: এমপিও সংক্রান্ত নির্দেশনা।

সূত্র: ১। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১৭.৯ অনুচ্ছেদ।


২। অত্র কার্যালয় এর ২৪/১১/২০২৪ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী কার্যালয়ের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (কলেজ, স্কুল এন্ড কলেজ) অধ্যক্ষগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, এমপিও সংক্রান্ত বিষয়ে অযথা অফিসে ঘোরাঘুরি করা নিষ্প্রয়োজন। অত্র অফিসের এমপিও ছাড়করণের সুনির্দিষ্ট সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট ফাইল এর অগ্রগতি সম্পর্কে যোগাযোগ করার কোন প্রয়োজন নেই। অধ্যক্ষগণ তাঁর আওতাধীন কলেজের শিক্ষক/কর্মচারীকে সংশ্লিষ্ট ফাইলের অগ্রগতি সম্পর্কে সময়ে সময়ে অবহিত করবেন। এমপিও সংক্রান্ত বিষয়ে আর্থিক লেনদেন হতে বিরত থাকা, প্রতারণা ও দালাল চক্র হতে সাবধানতা অবলম্বন এবং সংশ্লিষ্ট বিষয়ে কোন অভিযোগ থাকলে পরিচালক মহোদয়কে অবহিত করার জন্য বলা যাচ্ছে। প্রাপ্যতা নেই এমন ধরণের এমপিও ফাইল প্রেরণ হতে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ (সকল)

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ, স্কুল এন্ড কলেজ)

রাজশাহী অঞ্চল, রাজশাহী।


২৫/১১/২৪
(প্রফেসর মোহা: আছাদুজ্জামান-৫২৫০)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
ফোন: ০২৪৭-৮১২৪৫৮